রেজিস্টার্ড নং ডি এ ১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২৫, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ৪ঠা ভাদ্র ১৪০৫ বাং/১৯শে আগস্ট ১৯৯৮ ইং

এস, আর, ও নং ১৮৩-আইন/৯৮—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b)তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৩ই ভাদ্র, ১৪০২/২৮শে আগস্ট, ১৯৯৫ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১৫০-আইন/৯৫তে নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) এবং উক্ত দফার শেষে দাঁড়ির পরিবর্তে একটি কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

"(গ) যে ফার্ম আপাততঃ বলবৎ কোন আইন বা অন্য কোন বিধানের কারণে সীমাবদ্ধ দায় বিশিষ্ট কোন সংস্থা হিসাবে Companies Act, 1913 (VII of 1913) অথবা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে নিবন্ধিত হইতে পারে না :

তবে শর্ত থাকে যে, এই প্রজ্ঞাপনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রাপ্ত ফার্ম অব্যাহতির সাথে সম্পৃক্ত আয় বৎসরের জন্য সংশ্লিষ্ট Deputy Commi-



মূল্য : টাকা ১·০০

ssioner of Taxes এর নিকট আয়কর রিটার্ণ, হিসাবের বিবরণী ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিবে এবং Deputy Commissioner of Taxes উক্ত Ordinance এর section 28 এবং 29 এর অধীনে উক্ত ফার্মের কর নির্ধারণী কার্য সম্পন্ন করিবেন ঃ

আরও শর্ত থাকে যে, এইরূপ কর অব্যাহতি প্রাপ্ত ফার্মের বিপরীতে উক্ত Ordinance এর section 52A এর অধীনে উৎসে কর্তিত কর সংশ্লিষ্ট ফার্মের অংশীদারদের ক্ষেত্রে তাহাদের অংশপুঁজির (share capital) আনুপাতিক হারে অগ্রিম প্রদত্ত কর হিসাবে বিবেচিত হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ আবদুস সাত্তার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।